



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২১০(পার্ট-১)

তারিখ: ০৩ নভেম্বর, ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর মহাবিদ্যালয় পরিদর্শক দপ্তরের জন্য উপ মহাবিদ্যালয় পরিদর্শকের ০১(এক)টি শূন্য পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০/=

যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীর স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিসহ (আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক সম্মান শিথিল করে শুধু স্নাতকোত্তর প্রযোজ্য হবে) কোন বিশ্ববিদ্যালয়/ সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী মহাবিদ্যালয় পরিদর্শক বা সম স্কেলের (জাতীয় বেতন স্কেলের ৭নং গ্রেড) পদে ন্যূনতম ০৬ (ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/ আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা পদে সর্বমোট ১০ (দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।


শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) বছর।

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উক্ত পদের জন্য ৬০০/= (ছয়শত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ১৫ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার